গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বস্ত্র ও পাট মন্ত্রণালয়

অডিট অধিশাখা

www.motj.gov.bd

স্মারক নম্বর: ২৪.০০.০০০০.১১৩.০১.০২১.১৯-৭৯

তারিখ: ১০ বৈশাখ ১৪৩১

২৩ এপ্রিল ২০২৪

বিষয়: **প্লাটিনাম জুট মিলস লি:, খালিশপুর, খুলনা এর বিভিন্ন সালের অমীমাংসিত বাণিজ্যিক নিরীক্ষা (অগ্রিম) ০৪টি অনুচ্ছেদের ব্রডশিট জবাব**

সূত্র: বাংলাদেশ পাটকল করপোরেশন এর স্মারক নম্বর- ২৪.০৪.০০০০.৩০৪.১০.০০১.২১-৩১, তারিখ ২৮/০৩/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিজেএমসির আওতাধীন প্লাটিনাম জুট মিলস লি:, খুলনা এর বিভিন্ন সালের ০৪টি অগ্রিম অনুচ্ছেদের ওপর নিম্নরূপ পুন: ব্রডশীট জবাব {কপি সংযুক্ত (প্রমাণকসহ)} মন্ত্রণালয়ের মন্তব্যসহ নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো:

| ক্রম | আপত্তির সাল ও অর্থ বছর | আপত্তির শিরোনাম | প্রতিষ্ঠানের জবাব | সংস্থা প্রধানের জবাব | মন্ত্রণালয়ের মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২০১৮-১৯ অনু: নং-০৭.০০ | ২০১৮-২০১৯ সালের বাৎসরিক চুড়ান্ত হিসাব প্রস্তুত করা হয়নি। | ইতোমধ্যে ২০১৮-২০১৯ সালের চুড়ান্ত হিসাব প্রস্তুত করা হয়েছে এবং পর্ষদ সভা মনোনীত ২ জন পরিচালক কর্তৃক চুড়ান্ত হিসাবের কপি স্বাক্ষরিত হয়েছে (স্বাক্ষরিত কপি সংযুক্ত)।<br>অতএব, উপর্যুক্ত জবাব ও প্রমানকের আলোকে আপত্তিটি নিষ্পত্তি হিসাবে গণ্য করার জন্য অনুরোধ করা হলো। | ২০১৮-১৯ অর্থ বছরের চুড়ান্ত হিসাব প্রস্তুত করা হয়েছে বিধায় আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করা হলো। | জবাব ও প্রমাণকের আলোকে আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২ | ২০১৬-১৭ এবং ৪/০১/১৮ হতে ৩১/০১/১৮, অনু: নং ০৯.০০ | ক্লোজিং ওয়ার্ক ইন প্রসেসে ষ্টক মাত্রাতিরিক্ত থাকায় পাট ব্যতীত প্রত্যক্ষ ব্যয় জনিত মিলের মাত্রাতিরিক্ত প্রসেস ষ্টক ৫৫.৪৩ লক্ষ টাকা। | ২০১৬-১৭ অর্থবছরের ক্লোজিং ষ্টক ১২৭৯.০৩ মেট্রিক টন। বিগত সময়ে জমাকৃত থ্রেডওয়েষ্টেজ রোল জমা থাকায় প্রক্রিয়াজাত মালামালের পরিমান বেড়ে যায়। ফলে মোট জমাকৃত থ্রেডওয়েষ্ট্রেজ ও রোলের পরিমান ৮৬০.৬১ মেট্রিক টন। পূর্বের জমাকৃত থ্রেডওয়েষ্টেজ ও থ্রেডওয়েষ্টেজ রোলের জমা ছিল (১২৭৯.০৩-৮৬০.৬১) ৪১৮.৪২ মেট্রিক টন। বিজেএমসির সার্কুলার নং-৭৭ তারিখঃ ২৭/০৮/৭৬ মোতাবেক ন্যারোলুম ইউনিটের অডিট টু অডিট অর্থাৎ ১০/৬/২০১৬ হতে ০৭/০৭/২০১৭ পর্যন্ত গড়ে হেসিয়ান ও স্যাকিং লুম চালু ছিল যথাক্রমে (২৮২+২১২) ৪৯৪টি (কপি সংযুক্ত)। যেহেতু তাঁত প্রতি মালামালের পরিমান আদর্শমান ১.০০ মেঃ টন সেহেতু প্রসেসে থাকার কথা ৪৯৪.০০ মেঃটন। প্রকৃতপক্ষে আছে ৪১৮.৪২ মেঃটন অর্থাৎ (৪৯৪-৪১৮.৪২) ৭৫.৫৮ মেঃটন কম।<br><br>ব্রডলুম ইউনিটের ওপেনিং ওয়ার্ক ইন প্রসেস ছিল ২৯৬.১০ মেঃটন, পূর্বের জমাকৃত থ্রেডওয়েষ্টেজ, ক্যাডিস ও ঘানিকাটিং এর পরিমান ছিল ১৫৬.৪৪ মেঃটন বাদ দিলে (২৯৬.১০-১৫৬.৪৪) ১৩৯.৬৬ মেঃটন। সার্কুলার অনুযায়ী ১০/৬/২০১৬ হতে ০৭/০৭/২০১৭ তারিখ পর্যন্ত গড়ে ৪৮টি লুম চালু ছিল। প্রতিলুমের মালামালের আদর্শমান ২.৪৬ মেঃটন। আদর্শমান অনুযায়ী থাকার কথা ১১৮.০৮ মেঃটন। প্রকৃতপক্ষে আছে ১৩৯.৬৬ মেঃটন। (১৩৯.৬৬- ১১৮.০৮) মেঃটন ২১.৫৮ মেঃটন বেশী আছে। ন্যারো এবং ব্রডলুম একত্রে হিসাব করলে পাওয়া যায় (৭৫.৫৮-২১.৫৮) ৫৪ মেঃটন কম। নিরীক্ষা আপত্তিতে ক্লোজিংওয়ার্ক ইন প্রসেস ষ্টক মাত্রাতিরিক্ত থাকায় ৫৫.৪৪ লক্ষ টাকা আর্থিক ক্ষতির কথা উল্লেখ করা হলেও বাস্তবে উক্ত মালামাল প্রসেস ষ্টকে আছে। এছাড়াও মিল বন্ধ পরবর্তীতে উক্ত প্রসেস মালামালের সম্পূর্ণ অংশ বিক্রয় করা হয়েছে। বর্তমানে কোন প্রক্রিয়াজাত মালামাল মজুদ নাই। ফলে কোন আর্থিক ক্ষতি হয় নাই।<br><br>অতএব, মিলের কোন আর্থিক ক্ষতি না হওয়ায় আপত্তিটি নিষ্পত্তি হিসাবে গণ্য করার জন্য অনুরোধ করা হলো। | মিলের ন্যারো এবং ব্রডলুমে জমাকৃত ক্লোজিংওয়ার্ক ইন প্রসেস ষ্টক আদর্শমান মজুদ অপেক্ষা কম ছিল। এছাড়াও মিল বন্ধ পরবর্তীতে উক্ত প্রসেস মালামালের সম্পূর্ণ অংশ বিক্রয় করা হয়েছে বিধায় আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করা হলো। | জবাব ও প্রমাণ কের আলোকে আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো। |
| ৩ | ২০১৬-২০১৭ এবং ৪/০১/১৮ হতে ৩১/০১/১৮, অনু: নং ১৬.০০ | বৈদেশিক ও অভ্যন্তরীন বিক্রয়ের এ্যালোকেশন বাতিল হয়ে যাওয়ায় বৈদেশিক মুদ্রা অর্জন না হওয়াসহ পাটজাত পন্য বিক্রয় হয় নাই ৮৩৭৮.৫৯ লক্ষ টাকা। | ক্রেতা এবং বিজেএমসির সাথে চুক্তি হওয়ার পর বিজেএমসি সেলস মেমো মিলে ইস্যু করে থাকেন। চুক্তি মোতাবেক সেলস মেমোতেই এ্যালোকেশন বাতিল হওয়ার নির্দেশাবলী দেয়া থাকে। যে সব কারণে এলোকেশন বাতিল হয় তার বিবরণ নিম্নে উল্লেখ করা হলোঃ<br>১। চুক্তি মোতাবেক ১০ দিনের মধ্যে ৫% জমা না দিলে বিজেএমসি বিক্রয় বরাদ্দ বাতিল করা হবে।<br>২। চুক্তি মোতাবেক সেলস মেমো ইস্যুর তারিখ থেকে ১৫ দিনের মধ্যে ক্রেতাকে মোট পণ্যের বিক্রয় মূল্যের ৪০% পেমেন্ট চেয়ে (২১ দিনের সময় দিয়ে) চিঠি দেয়া হয়। সেই মোতাবেক ক্রেতা ২১ দিনের মধ্যে ৪০% পেমেন্ট না দিলে বিক্রয় বরাদ্দ বাতিল করা হয়।<br>৩। চুক্তি মোতাবেক ইন্ডিয়ান ক্রেতাদের ক্ষেত্রে সেলস মেমো ইস্যুর তারিখ থেকে ২১ দিনের সময় দিয়ে মোট পণ্যের বিক্রয় মুল্যের ৯৫% পেমেন্ট চেয়ে চিঠি দেওয়া হয়। সেই মোতাবেক ক্রেতা ২১ দিনের মধ্যে ৯৫% পেমেন্ট না দিলে বিক্রয় বরাদ্দ বাতিল করা হয়।<br>উল্লেখ্য যে, বৈদেশিক ও অভ্যন্তরীণ বিক্রয় এ্যালোকেশন অনুযায়ী যথাসময়ে sales order এর শর্ত মোতাবেক অগ্রিম টাকা প্রদান না করায় বিজেএমসি'র দপ্তর আদেশ সূত্র নং বিজেএমসি/এমএসএ-০৭/৩৭, তারিখ: ০৩-০৪-০৭ মোতাবেক সেলস এ্যালোকেশন বাতিল করা হয় (প্রমানক সংযুক্ত)।<br>এছাড়াও বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের স্মারক নং ২৪.০০.০০০০.১১৮.১৮. ০৫৭.১০.১০৪, তারিখঃ ৩০-০৬-২০২০ মোতাবেক মিলের উৎপাদন কার্য্যক্রম বন্ধ হয়। অতঃপর উৎপাদন বন্ধের পরবর্তী সকল উৎপাদিত পণ্য বিক্রয় করা হয়। আর কোন পণ্য অত্র মিলে অবিক্রিত বা মজুদ নাই।<br><br>অতএব, আপত্তিটি নিষ্পত্তি হিসেবে গন্য করার জন্য অনুরোধ করা হলো। | বরাদ্দকৃত সেলস্ এলোকেশনের চুক্তির শর্ত যথাযথভাবে পালন না করায় প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক সেলস এলোকেশন বাতিল করা হয়েছে বিধায় আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করা হলো। | জবাব ও প্রমাণ কের আলোকে আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪ | ২০১১-২০১২<br>১৪/১১/১২ হতে ২৯/১২/১২, অনু: নং ১৪.০০ | বিজেএমসির অনুমোদিত হার অপেক্ষা অতিরিক্ত বদলী শ্রমিক নিয়োগ করায় মিলের আর্থিক ক্ষতি ৯,৮৯,৬৮,০৫০/-টাকা। | সেট-আপের উপর ভিত্তি করে সূতা বিভাগে ৩৫% ও অন্যান্য বিভাগে ২৫% বদলী শ্রমিক নিয়োগের নির্দেশনা আছে। অত্র মিলে অনুমোদিত লোকবল ৩৯৬৩ জন। তদস্থলে কর্মরত ছিল ৩৭৪৪ জন। সুতরাং ঘাটতি ২১৯ (৩৯৬৩-৩৭৪৪) জন। যা বদলী শ্রমিক নিয়োগের মাধ্যমে পুরণ করা হয়েছে। উল্লেখ্য যে, বর্তমানে বিদেশী বীজের পাটের আঁশ মোটা ও দুর্বল। এছাড়া বিগত কয়েক বৎসর যাবত আর্থিক সংকটের কারণে সুষ্ঠু রক্ষণাবেক্ষণ করতে না পারায় ব্যাক প্রসেসে বিশেষ করে স্পিনিং ফ্রেমে সংস্থার নির্ধারিত আর,পি,এম এর স্থলে কম আরপিএমএ চলার কারণে সূতার ঘাটতি হয়ে থাকে। ফলে সূতা ঘাটতি পুরণের জন্য বিজেএমসির পত্র সূত্রনং-বিজেএমসি/জিএম/পি/০৯/৪০৯, তারিখ: ০৯/১১/২০০৯ এর মাধ্যমে স্থাপিত সকল মেশিন এবং 'গ' পালা চালু করার নির্দেশ দেয়া হয়। 'গ' পালা চালু করার জন্য ১০০০ জন বদলী শ্রমিক নিয়োগ দেওয়ায় বদলী শ্রমিক নিয়োগের হার বৃদ্ধি পেয়েছে। এখানে আরও উল্লেখ্য যে, কিছু সংখ্যক কর্মকর্তা/কর্মচারী ভি,আর,এস এর মাধ্যমে অবসর গ্রহণ করায় এবং উক্ত পদে ন্যূনতম নিয়োগ না দেয়ায় সুষ্ঠুভাবে কাজ চালিয়ে নেওয়ার জন্য উৎপাদন বিভাগে, অফিসের বিভিন্ন শাখা এবং মেডিকেল, ও বিদ্যালয়ে শিক্ষিত শ্রমিকদের বদলী শ্রমিকের হাজিরা দিয়ে কাজ করানো হয়েছে। এছাড়া খেলোয়ারদের ও বদলী শ্রমিকের হাজিরা দেয়া হয়েছে যার বিবরণ নিম্নে দেয়া হলো।<br>ক) উৎপাদন বিভাগঃ ১৯ জন<br>খ) অফিসের বিভিন্ন শাখাঃ ৪৩ জন<br>গ) মেডিকেলঃ ০৬ জন<br>ঘ) বিদ্যালয়ঃ ১২ জন<br>ঙ) খেলোয়াড়ঃ ৩০ জন<br>মোটঃ ১১০ জন<br><br>প্রকাশ থাকে যে, স্থায়ী শ্রমিকদের তুলনায় বদলী শ্রমিকগণ মজুরি কম পায় তাই শ্রমিক নিয়োগের হার বৃদ্ধি পেলেও মিলের অতিরিক্ত কোন আর্থিক ব্যয় হয়নি। নিরীক্ষা আপত্তি উত্থাপনের প্রেক্ষিতে বদলী শ্রমিক নিয়োগের হার পরবর্তীতে কমানো হয়েছে। যার ফলে ২০১৩-১৪ সালের মাসভিত্তিক বদলী নিয়োগ ১৬৩১ জন। যা আপত্তিকৃত ২০১১-১২ সালে ১৮৮০ জন ছিল। সূত্র নং-২৪.০০.০০০০.১১৩.১৬.০৬৫.(অংশ-১).১৬.৭২, তারিখ: ১১/০৩/২০২১ খ্রিঃ মোতাবেক ৩৬তম পিএ কমিটির বৈঠকে একই ধরণের আপত্তি নিষ্পত্তি করা হয়েছে (কপি সংযুক্ত)। অতিরিক্ত বদলী শ্রমিক বাবদ প্রদত্ত অর্থ পরবর্তী বছরের সংশোধিত বাজেটে অনুমোদন করা হয়েছে।<br><br>পত্র সূত্র নং- ৭৬৩০/অ.অনু./বঅঅ/আ.কা./খুলনা/প্লাটিনামজুবিলীজুটমিলস্লিঃ/খুলনা/প্লাটিনাম জুবিলী জুট মিলস্ লিঃ /খুলনা/ত্রি-সভা/২০১০-১৪/৮১০, তারিখ: ২৫/০১/২০২১ খ্রিঃ এর মাধ্যমে একই ধরনের আপত্তি নিষ্পত্তি করা হয়েছে (জারীপত্রের কপি সংযুক্ত)।<br>(ক) প্লাটিনাম জুবিলী জুট মিলস লি, আপত্তির সালঃ ২০১০-১১, অনুঃ ১.০০, (শিরোনামঃ ন্যারো ও ব্রড লুমে চালু তাঁতের বিপরীতে অতিরিক্ত জনবল নিয়োগ করায় মিলের আর্থিক ক্ষতি ১৬,৪০,৮৭,৭৫৩.০০ টাকা)<br>(খ) স্টার জুট মিলস লি.নিরীক্ষা সাল ২০১৩-২০১৪, অনুঃ ১.০০ (শিরোনামঃচালু তাঁতের বিপরীতে অতিরিক্ত জনবল নিয়োগ করায় মিলের আর্থিক ক্ষতি ১৩,৯৩,৪৬,২৬৫.০০ টাকা) একই ধরণের আপত্তি নিষ্পত্তির বিষয়ে নিরীক্ষা অধিদপ্তরের জারীপত্র রয়েছে।<br>(গ) উল্লেখ্য, সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৩৬ তম বৈঠকে একই ধরণের আপত্তি নিষ্পত্তির সিদ্ধান্ত রয়েছে (সূত্র নং- ২৪.০০.০০০০.১১৩.১৬.০৬৫(অংশ-১).১৬.৭২, তারিখ: ১১/০৩/২০২১ খ্রিঃ)।<br>(ঘ) এছাড়া, নিয়োজিত শ্রমিকদের প্রদত্ত মজুরি পরবর্তী বছরের সংশোধনী বাজেটে অনুমোদন দেয়া হয়েছে (কপি সংযুক্ত)।<br>আলোচ্য আপত্তিটি মিমাংসাকল্পে বিজেএমসি'র পত্র সূত্র নং ২৪.০৪.০০০/২০৩.০৩.০০৭.১৯৮/৮৩, তারিখঃ ২০/০৩/২০২৩ খ্রিঃ মোতাবেক তদন্ত কমিটি গঠন হয়।<br>তদন্ত কমিটির মতামত নিম্নরুপঃ (১) স্থায়ী শ্রমিকের তুলনায় বদলী শ্রমিকের মজুরি কম। তাই শ্রমিক নিয়োগের হার বৃদ্ধি পেলেও মিলের অতিরিক্ত কোন আর্থিক ব্যয় হয়নি। এছাড়া, মিলের কর্মচারীর শূণ্য পদের বিপরীতে স্থায়ী কর্মচারী নিয়োগ দিলে মিলের যে পরিমাণ খরচ হতো তার তুলনায় বদলী শ্রমিক নিয়োজিত করে কাজ করানোর ফলে মিলের অনেক অর্থ সাশ্রয় হয়েছে। নিরীক্ষা আপত্তি উত্থাপনের প্রেক্ষিতে বদলী শ্রমিক নিয়োগের হার পরবর্তীতে কমানো হয়েছে । | মজুরি খাতে ব্যয় সংশোধিত বাজেটে অনুমোদিত হয়েছে। একই আপত্তি সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৩৬তম বৈঠকে নিষ্পত্তি হিসেবে গণ্য করা হয়েছে। সে বিবেচনায় আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করা হলো। | জবাব ও প্রমাণ কের আলোকে আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | অতএব, উপর্যুক্ত জবাব ও প্রমাণকের আলোকে আপত্তিটি নিষ্পত্তি হিসেবে গণ্য করার জন্য অনুরোধ করা হলো। | | |

**সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক**

২৩-৪-২০২৪
সামসুন নাহার জেসমিন
সহকারী সচিব
ফোন: ৫৫১০১০৫১
ইমেইল: motj.audit@gmail.com

উপপরিচালক, বাণিজ্যিক অডিট অধিদপ্তর, সেক্টর-৬, খুলনা

স্মারক নম্বর: ২৪.০০.০০০০.১১৩.০১.০২১.১৯-৭৯/১(৬)

তারিখ: ১০ বৈশাখ ১৪৩১ / ২৩ এপ্রিল ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) চেয়ারম্যান, বাংলাদেশ পাটকল করপোরেশন, মতিঝিল, ঢাকা
২) উপসচিব, অডিট অধিশাখা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা
৩) মন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
৪) সচিবের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বস্ত্র ও পাট মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৬) অতিরিক্ত সচিব (অডিট) এর ব্যক্তিগত কর্মকর্তা, বস্ত্র ও পাট মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৩-৪-২০২৪
সামসুন নাহার জেসমিন
সহকারী সচিব